আজকের কাগজ

তারিখ ...10 JUL 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

32

## কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদের টার্মিনাল ডিগ্রি চালু

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের বৎসরের কোর্সের ডিগ্রী বিএসসি এজি (অনার্স)-এর নাম পরিবর্তন করে বিএসসি এজি করা হয়েছে। ১৯৯০-৯১ শিক্ষা সাল হতে তা চালু করা হয়েছে। কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বর্তমানে বিএসসি এজি (অনার্স) কোর্সে ভর্তিকৃত ছাত্রছাত্রীকে এ মাসের (জুলাই) মধ্যেই অপশন প্রদান করতে হবে যে, তারা বিএসসি এজি (অনার্স) ডিগ্রির সার্টিফিকেট নেবে না, বিএসসি এজি সার্টিফিকেট নেবে। দীর্ঘদিন যাবৎ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং বেশ কয়েকটি ছাত্র সংগঠন (বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা), সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ ছাত্রমৈত্রী) বিএসসি এজি (অনার্স) এর পরিবর্তনে "বিএসসি এজি" টার্মিনাল ডিগ্রি প্রদান করার জন্যে দাবি জানিয়ে আসছিলো। সাধারণ বিশ্ববিদ্যালয়ের তিন বছরের অনার্সের সঙ্গে কৃষি বিশ্ববিদ্যালয়ের বছরের অনার্স ডিগ্রি নিয়ে বিভিন্ন পেশাগত ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হতো বলেই মূলত সাধারণ ছাত্র-ছাত্রী টার্মিনাল ডিগ্রির দাবি জানিয়ে আসছিলো। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মোকাম্মেল হক।